



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 19



Class: 4

Subject: Bengali Text (আমাদের বাসভূমি)

Date: 18/11/20

১। “তিনি তা পরিকল্পনা করে দেন” - তিনি কে ? তিনি কী পরিকল্পনা করে দেন ?

উ: তিনি হলেন বিশেষজ্ঞ ইঞ্জিনিয়ার । তিনি বাড়ী তৈরীর আগে সদর, খিড়কি, রান্নাঘর, শোবার ঘর কোথায় হবে, ধানের গোলা, গরুর গোয়াল কোথায় হওয়া প্রয়োজন তা তিনি পরিকল্পনা করে দেন । বাড়ীটাতে যাতে আলো বাতাস চলাচলের সুবিধা থাকে তার ব্যবস্থাও তিনি করে দেন ।

২। কি কারণে ঘর বাড়ীর আকার প্রকারে বৈচিত্র্য থাকত ?

উ: পৃথিবীর বিভিন্ন জায়গায় বিভিন্ন প্রকার আবহাওয়া, জলবায়ুর বৈচিত্র্য দেখা যায় । কোথাও খুব গরম, কোথাও খুব ঠান্ডা, কোথাওবা বেশি বৃষ্টিপাত যুক্ত অঞ্চল, কোথাও মরুপ্রান্তর । জলবায়ুর বিভিন্ন প্রকার ভেদের জন্য ঘর বাড়ীর আকারে বৈচিত্র্য দেখা যায় ।

৩। বৃক্ষরোপণ উৎসব কী ?

উ: বৃক্ষ আমাদের বেঁচে থাকার অবলম্বন । বৃক্ষের জন্য প্রাণীজগতের বেঁচে থাকার অক্সিজেনের অভাব হয় না । এই বৃক্ষ আমাদের জীবন রক্ষা করে । মানুষ অকারণে বৃক্ষচ্ছেদ করে প্রকৃতির ভারসাম্যকে নষ্ট করে । তাই বৃক্ষরোপণ উৎসবের মধ্যে দিয়ে নতুন নতুন গাছ লাগিয়ে মানুষের মধ্যে চেতনা আনার জন্য বৃক্ষরোপণ উৎসব পালন করা হয় ।

৪। আদিম যুগে মানুষের বাসভূমি কেমন ছিল ? বর্তমানে কেমন হয়েছে লেখ ।

উ: আদিম যুগে কোন কোন অঞ্চলে বাসভূমি বলতে ছিল মাটির ভেতর গর্ত । বন্য জন্তু জানোয়ারের হাত থেকে বাঁচার জন্য গর্তের মুখ গাছপালা দিয়ে ঢেকে রাখা হত । এই যুগেই ক্রমশ মাটি, বাঁশ, কাঠ প্রভৃতির ব্যবহারে বাসযোগ্য ঘরবাড়ীর স্থাপত্য প্রচলিত হয় । ধীরে ধীরে মানুষ অস্থায়ী আবাসন থেকে স্থায়ী আস্তানা তৈরী করল ও সমাজে সঙ্গবদ্ধ হল ।

Manashi Chaudhuri